# নিজেদের ঘরের মাঠে আর্সেনাল এর কাছে ১-০ গোলে হেরে হতাশাজনক শুরু ম্যানচেস্টার ইউনাইটেডের



সংগৃহীত ছবি

ইংলিশ প্রিমিয়ার লিগের মরসুমের শুরুতেই চমক দেখালো আর্সেনাল। গত রোববার ওল্ড ট্রাফোর্ডে অনুষ্ঠিত ম্যাচে ম্যানচেস্টার ইউনাইটেডকে ১-০ গোলে পরাজিত করেছে তারা। গত সিজনে ফর্মহীন থাকা ম্যানচেস্টার ইউনাইটেডের নতুন সিজনের শুরুও হলো হতাশাজনক।

ম্যাচের একমাত্র গোলটি এসেছে ডিকলান রাইসের কর্নারে রিকার্ডো কালাফিওরের হেড থেকে। ইউনাইটেডের গোলরক্ষক অল্টায় বায়ান্দির একটি ছোট ভুলে আর্সেনালের জন্য গোলেটির সুযোগ সৃষ্টি হয়।

ম্যাচের প্রথমার্ধে উভয় দলই সমান প্রতিদ্বন্দ্বিতা দেখায়। তবে আর্সেনালের আক্রমণাত্মক পরিকল্পনা ও একক গোলই শেষ পর্যন্ত তাদের জয় নিশ্চিত করে।

ম্যানচেস্টার ইউনাইটেডের কোচ রুবেন আমোরিম ম্যাচের পর বলেন, "আমাদের দল এই মরসুমে যে কোনো প্রিমিয়ার লিগের দলের বিরুদ্ধে লড়াই করতে সক্ষম। আজকের হার সত্ত্বেও আমাদের আক্রমণাত্মক খেলা, সাহস ও প্রেসিং অনেক উন্নতি দেখিয়েছে।"

এই জয়ের মাধ্যমে আর্সেনাল লিগ শুরু করলো আত্মবিশ্বাসের সঙ্গে, যা তাদের ভক্তদের মধ্যে উচ্ছ্বাস তৈরি করেছে। অপরদিকে, ইউনাইটেডের জন্য এটি একটি সতর্কবার্তা যে আগামী ম্যাচগুলিতে আরও মনোযোগী হতে হবে।